The great, and probably the sole, justification of human punishment is the necessity of checking, and, if possible, preventing offences. Punishment, therefore, must to limited to the requirements of this necessity. If punishment goes *beyond* this necessity, the excess can have no justification—the excess must be nothing but useless mischief—nothing but a wasteful employment of pain—nothing but pure cruelty. What I hold is that, in the class of cases under consideration, death-punishment goes far beyond the requirements of necessity. Accordingly, whenever I have noticed instances of women being hanged for such offences, I have been deeply moved ; and such instances occur in British India. My strong belief is that, for the convicted women in question, imprisonment for a certain period say of seven years would be quite sufficient punishment, sufficient in reference to the great object and the great justification of human punishment. My belief (in other words) is, that if the law substitute the much lower punishment I recommend, *the cases of infanticide would not multiply,* in India at least. My conviction in this respect is as strong as conviction can be. I beg permission to endeavour to explain the grounds of this conviction. Most or many cases of infanticide in India occur under following circumstances :, A woman is married early. She unfortunately becomes a widow while yet in the vigour of health and spirits. Caste-rules prohibit remarriage. The young widow, overpowered by the least governable of passions, yields for a moment to the passion. Conception follows, and so delivery. Overpowered by shamei overpowered by the fear of social opinion, she puts to death her own child at its birth. The dire offence is thus committed. What is, then, the motive? It is not of the kind that prompts ordinary offences, such as avarice, resentment, &c., &c. The poor woman has no design to seek pleasure or profit for herself through injury to others. The fact is, the woman is extremely sensitive to social opinion. She dreads the public exposure of her frailty. The more sensitive she is, the more she respects social opinion, the more she dreads that opinion. For this, native social opinion is largely responsible, the social opinion which prohibits the remarriage of the young widow and thereby exposes her to the greatest of temptations. Let us now try to estimate the degree of that dread of social opinion, which prompts the widow to the crime. How great is the natural affection and love of the mother to her own child! How dear is the child to her? Yet, she sacrifices the child in order to escape social censure. It is thus practically proved that her respect for social opinion is *much stronger* than even her affection for her child. She is driven to sacrifice her own child rather than sacrifice the good opinion of society. That society must be cruel indeed, which puts a woman to death for preferring the good opinion of that society to the existence of her own child, In sacrificing her own child, *what a terrible punishment the mother inflicts on herself!* For inflicting on herself such a terrible punishment, is she to be herself put to death? It is evident, from the very nature and circumstances of the case, that the woman *more* dreads the shame of being detected in her frailty, than she dreads the pain of sacrificing her own child, plus the risk she runs of being herself hanged. For the sake of brevity, let us say that the pain involved in the shame of being detected in her frailty equals *A* ; the pain of sacrificing her own child equals *B* ; the risk she runs of being herself hanged equals *C.* Then, it is evident that, in the case of the unfortunate mother, *A* is greater than *B* plus *C.* A wise and humane legislator then, ought to employ *A* itself as the means, as the most efficacious means, of punishing the woman. In other words, punish the woman by making her suffer that pain, that very pain, which she *most* dreaded. Sentence her publicly, send her to gaol publicly, keep her there publicly, and let her suffer the pain of shame which she had dreaded so much. Would not that be a sufficiently deterring punishment? Should she be *put to death* by way of punishment? The punishment of imprisonment I propose would be compounded of the following quantities of pain, namely :---

(1.) The pain of imprisonment in the gaol.

(2.) The pain of being detected in her frailty the pain she had *most* dreaded.

(3.) The pain of the remembrance of her having vainly sacrificed her own dear child.

(4.) The pain of having brought so much shame upon her relations and friends.

To any woman these quantities of pain must be great in proportion to woman's enhanced sensibility. But the woman, situated in the circumstances we are contemplating, is peculiarly sensitive, for it is her very sensitiveness that brought her into that situation. And let it be remembered that each pain above noted is not of a momentary or transitory character. The quantity of each kind of pain must be multiplied by a great number of days through which that pain lasts. Pain No. 1 must be multiplied by the number of days for which she is sentenced to be imprisoned. Pain No. 2 must be multiplied by the number of days *she lives.* The other items of pain must also be similarly multiplied. Surely, the aggregate quantity of these several products would be a sufficient punishment---would be a sufficient deterrent in such a case. But hang the poor woman ; she is released from all pain in five minutes. Let the punishment be regarded as an *example* to others ; and even then the punishment I advocate has a clear advantage over that of death. The example is, of course, intended to operate on women. But women in India seldom go to see *executions!* They do not read newspapers, and have no access to the published narratives of executions. When an execution takes place the knowledge of it reaches a small number of women only. But in the case of the punishment I advocate, the female culprit being alive in the gaol, she is likely to be seen, espicially if sentenced to labour. Being kept alive, she is frequently the subject of conversation, and consequently her punishment is kept more before the female public mind. Even when the culprit is liberated after undergoing sentence, she serves as an example all around. The ignominy she carries with her is a perpetual warning to others. There is yet another point of view. A great deal of the efficacy of punishment depends upon its *certainty.* The larger the proportion of offenders punished, the more certain is the punishment and the more efficacious it is. I submit that, if the punishment be what I advocate, the proportion of convictions obtained in the cases under consideration will be far greater than at present. Where death is the penalty of the law, men naturally shrink from giving information of the offence under reference. Many shrink from even giving evidence. I do not, of course, refer here to death as a punishment of an ordinary murderer. In such cases the public feel alarm, they feel a sense of danger to themselves, indignation is aroused ; and the consequence is, information and evidence flow in freely. But I am speaking of female offenders of a particular class. In this class of cases there is little alarm, there is little danger, there is little public indignation. There is more of pity—there is more perhaps of commiseration. The idea of being instrumental to sending a young, bashful, and peculiarly sensitive woman to the gallows has but few attractions even to the sternest natures. What is the consequence? The proportion of convictions obtained is small in reference to the number of actual offences of the kind. The chance of conviction is diminished. It, then, *adds* to the temptation to commit the offence. A few are occasionally caught and convicted, and these few suffer more than they ought, because the many escape! It is an important principle which the legislator ought to keep in view, that the punishment he enacts should be popular—should carry public approbation---should commend itself to the popular sense of justice. But hanging young women of the class I am speaking of infringes this cardinal principle. I doubt if a single native of India who witnesses an execution of the kind, would say "rightly served" or "justice has been done," or "the the culprit has properly expiated her offence." I am not sure that I have sufficiently explained the grounds of my strong conviction that death-punishment is excessive and cruel in such cases. But I feel something like an instinctive conviction, and it is not always easy to fully explain the grounds of such conviction. I feel certain that if the punishment I advocate be substituted for that of death, the offence under consideration will not increase. If the offence *will not increase,* it will be a sufficient reason to adopt my view. But I go further, and maintain that the offence in question *will actually diminish,* while the lives of many unfortunate widows will be saved. It is not long since legislators have discovered that death-punishment is needless in a great number of offences, such as counterfeiting coin, forgery, and prejury. It is to be hoped that it will not be long before legislators discover that death-punishment is needless in this particular class of offences also.

ACKNOWLEDGEMENTS.

SUBSCRIPTIONS.

	Rs.	Ans.	P.
V. C. Venkuta Challum Moodeliar Esqr., Shahabad	5	0	[illegible]
Balvautrai Sivaprosad Esqr., Wagru	5	0	[illegible]
P. Mangapathy Naidu Esqr., Madras	5	0	[illegible]
M. Mooroogosa Pillai Esqr., Madras	5	0	[illegible]
A. Rajahgopal Pillai Esqr., Muttucka	5	0	0
V. Soobanna Moodeliar Esqr., Secundrabad	5	0	0
G. Sreenivasa Rao Naidu Esqr., Secundrabad	5	0	0
A. Mootoosawmy Moodeliar Esqr., Secundrabad	5	0	0
Narayan Sreenivas Esqr., Secundrabad	5	0	0
Jayram Rao Esqr., Tandur	5	0	0
V. Balakristna Moodeliar Esqr. Balarum	5	0	0
Kesav Rao Narayan Esqr., Tandur	5	0	0
Bapoobhai Jadavrai Esqr., Amreli	5	0	0

☞ *Printed and published by C. N. Roy No. 2, Ananda Chatterjee's Lane, Bagbazar, Calcutta.*

ঢাকাতে একটী সঙ্গীত বিদ্যালয় স্থাপিত হইয়াছে। ঢাকার নবাব গণিমিয়া, রাজা কালীনারায়ণ প্রভৃতির দানে এটী সংস্থাপিত হইয়াছে। যে দিন এই স্কুল সংস্থাপিত হয় সে দিন বাবু দীননাথ সেন একটী বক্তৃতা করেন। এই উৎসবে বিস্তর লোক উপস্থিত হন।

আমরা সংবাদ পাইলাম যে নড়াল মহকুমায় কোন স্থানে প্রজায়২ বিবাদ হইয়া একটি খুন হওয়াতে সে স্থানের ও চতুষ্পার্শ্বের লোকে অত্যন্ত ভীত হইয়াছে। ভীত হওয়ার কারণ এই যে কখন কাহার উপর কি চার্য আইসে তাহার ঠিকানা নাই। মফঃস্বলবাসীরা অবগত আছেন যে কখন কোন স্থানে একটি খুন হইলে সেখানে ও তাহার চতুষ্পার্শ্বস্থ স্থানে হুলুস্থুলু পড়িয়া যায়। কেবল ধর মার কাট, এই কোলাহলে আবাল বৃদ্ধ বনিতা ভয়ে জড়িত হয়। এ ব্যক্তিকে গ্রেপ্তার কর কারণ ইহার উপর সন্দেহ হয়, ইহাকে ধর কারন ইহার সঙ্গে খুনী ব্যক্তির আদোয়াদি ছিল, ইহাকে হাজতে দেও কারণ এ খুনের সংবাদ দেয় নাই, এই রূপে ফৌজদারি আইন সকল যেরূপ সিদ্ধির ঝুলি ও কল্পতরু তাহাতে যদুকে রামচাঁদ খুন করিলে হাকিম মনে করিলেন সে প্রদেশের অর্দ্ধেক লোককে ফাটকে দিতে পারেন। ভরসার মধ্যে নড়ালের হাকিমটী অতি সদাশয় ও বিজ্ঞ। ইংরাজ হাকিমেরা না বুঝিয়া এই কঠোর শাসন দ্বারা দেশ উচ্ছিন্ন দিলেন। আবার বাঙ্গালি বাবুরা যদি সেই রূপ অনুসরণ করেন তবে প্রামরা কাহার মুখের দিকে তাকাইব। কিন্তু একটি দুর্দ্দান্ত বাঙ্গালী হাকিম দেখিলে নানা কারণে আমাদের হৃদয় বিদীর্ণ হইয়া যায়।

বোলন পাশ লইয়া ক্রমে ঘোরতর বিবাদ আরম্ভ হইবার সম্ভাবনা। গবর্ণমেণ্ট পূর্ব্বে মনে করিয়াছিলেন যে, আফ্রিডিসেরা সহজে শান্ত হইবে কিন্তু এখন দেখা যাইতেছে যে তাহারা সহজে ছাড়িবার পাত্র নহে। গবর্ণমেণ্ট তাহাদিগকে দমন করিবার নিমিত্ত বিশেষ উদ্যোগ করিতেছেন।

কৃষ্ণনগর হইতে এক জন সম্ভ্রান্ত ব্যক্তি একটী সম্বাদ পাঠাইয়াছেন। তিনি লিখিয়াছেন যে, তাহার বাটির কাছে একটি মুসলমান রমণী একটি হনুমান প্রসব করিয়াছে। হনুমানটি মৃত্যু অবস্থায় গর্ভ হইতে পতিত হয়। সম্বাদ প্রেরক ইহা স্বচক্ষে দেখিয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭৬ সালের ৪ আইন।

নূতন মিউনিসিপাল আইন।

এই আইন আগামি জুলাই মাসের ১লা হইতে প্রচলিত হইবে। ইহার দ্বারা কলিকাতার ১৮টী পুলিস থানার এলাকা অনুসারে শহরকে ১৮টী ভাগে বিভাগ করা হইয়াছে অর্থাৎ প্রত্যেক পুলিস সেকসনের এক২ পৃথক ২ বিভাগ স্বরূপ গণ্য করা হইয়াছে।

তন্মধ্যে শ্যামপুকুর, কুমারটুলি, বটতলা, সুকিয়া ষ্ট্রীট, পদ্মপুকুর এবং হেষ্টিংস অর্থাৎ কুলিবাজার এই ছয় বিভাগ অর্থাৎ পুলিশ সেকসনের প্রত্যেক বিভাগ হইতে দুইজন করিয়া এবং বক্রি ১২ বিভাগের প্রত্যেকটী হইতে তিন জন করিয়া মিউনিসিপাল কমিশনার মনোনীত হইতে পারিবে।

গত ১৫ই জনুয়ারির মধ্যে যে ব্যক্তি (পুরুষ) ১৮৭৫ সালের দরুন ২৫ টাকার কম নহে রেঠ এবং টেক্সো দিয়াছেন, তিনি যে বিভাগে অর্থাৎ যে পোলিশ থানার এলকায় বাস করেন কিম্বা যে বিভাগে তাহার ব্যবসার স্থল অছে অথবা সম্পত্তি অছে, তিনি সেই বিভাগের মধ্যে "ভোট দিতে" অর্থাৎ কমিশনার মনোনীত করিতে ক্ষমবান হইবেন।

যিনি ১৮৭৫ সালের জন্য ও উক্ত তারিখের মধ্য রেট এবং টেক্সোর হিসাবে ৫০ টাকা দিয়াছেন তিনি মিউনিশিপাল কমিশনার হইতে পারিবেন।

এতসম্বন্ধে অন্যান্য নিয়ম উক্ত আইনের দ্বিতীয় ... র প্রথম ভাগে পাওয়া যাইবে।

এই করিতে...

যে সমস্ত ব্যক্তি ভোট অর্থাৎ কমিশনার মনোনীত করিবার ক্ষমতা ইচ্ছা করেন অথবা যাঁহারা মিউনিসিপেল কমিশনার হইতে মানস করেন তাহাদিগকে তাহাদিগের নাম রেজেষ্ট্রি করণ জন্য আমার নিকট দরখাস্ত করিতে হইবে এবং উক্ত দরখাস্তে ১৮৭৩ সালের ১৫ জানুয়ারির অগ্রে ১৮৭৫ সালের দরুন রেট এবং টেক্সের হিসাবে যত টাকা দয়াছেন এবং সেই রেট কোন সম্পত্তির বাবত দিয়াছেন তাহার বিবরণ লিখিতে হইবে।

রবার্ট টরনবুল,

জষ্টিসদিগের সেক্রেটারি।

সংবাদ

—কানপুরে ইতি মধ্যে কিরোসাইন তৈল দ্বারা একটী বিপদ উপস্থিত হয়। তথায় একটী নাট্যশালায় কতক গুলি সাহেব ও মেম বাদ্য শ্রবণ করিতে ছিলেন। গৃহে পাখা ঝুলান ছিল। এক জন সেই পাখা টানিতে ছিল। এই পাখার এক গাছি দড়ি খুলিয়া যাওয়ায় পাখার এক দিক নিম্ন হইয়া পড়ে। পড়িবার সময় গৃহের প্রাচীরে কিরোসাইন প্রদীপ ছিল তাহাতে লাগে। লাগিবা উহা ভাঙ্গিয়া যায়। এই দীপের নিম্নে এক জন মেম ছিলেন। মেমের উপর এই ভগ্ন প্রদীপ পড়ে। প্রদীপ হইতে তৈল বাহির হইয়া মেমের সমুদয় কাপড় মাখা হয়। তৎপরে ইহাতে প্রদীপের আগুন লাগে। নিমিষে মেমের কাপড়ে আগুন ধরিয়া যায়। মেমের চতুর্দ্দিকে মুহূর্তকের মধ্যে অগ্নি কুণ্ড হইয়া উঠে। তিনি প্রাণ রক্ষার নিমিত্ত গৃহে দৌড়া দৌড়ি করিয়া আরো দুই জনের বস্ত্রে আগুন দেন। সে আগুন প্রবল না হইতে নির্ব্বাণ করা হয়, কিন্তু তাহার সমুদয় শরীর পুড়িয়া যায়। মেমের মৃত্যু হইয়াছে।

—সে বৎসর চিন হইতে কলকাতায় এক জন অদ্ভুত দীর্ঘাকারের মনুষ্য আইসে। এবার মান্দ্রাজে এই রূপ আর এক জন মনুষ্য আসিয়াছে। তিন পয়সা দিলে ইহাকে দেখা যায়। এ কত বড় উচ্চ সে সম্বন্ধে মত ভেদ আছে। কেহ বলে যে এ দাঁড়াইয়া রাস্তার উপর যে গ্যাসলাইট আছে উহাতে চুরট ধরাইতে পারে, কেহ বলে এ দশ ফিট উচ্চ এবং হস্ত প্রসারণ করিয়া ১৩ ফিট উচ্চ হইতে দ্রব্য পাড়িতে পারে। এ জাতিতে রজপুত। যাহারা ইহাকে ভাল করিয়া দেখিয়াছেন তাহারা বলেন যে ইহার উচ্চতা ৭ ফিট দুই ইঞ্চ।

—চিনে এবার অনাবৃষ্টি উপস্থিত হইয়াছে। সেখানে শস্যের অবস্থা ক্রমে মন্দ হইতেছে এবং লোকের নানা রূপ রোগ হইতেছে। চিনেরা এই বিপদ হইতে পরিত্রাণ পাইবার নিমিত্ত পূর্ব্বে বরুণ দেবের পূজা করে। সম্রাট স্বয়ং বরুণ দেবের উপাসনা করেন এবং তিনি আজ্ঞা প্রচার করেন যে, সর্ব্ব সাধারণে বৃষ্টির নিমিত্ত বরুণ দেবের নিকট প্রার্থনা করে কিন্তু ইহাতে তাহারা কৃতকার্য্য হন নাই। বরুণদেব এত প্রার্থনাতেও তাহাদের প্রতি প্রসন্ন হন নাই। সম্প্রতি তাহারা বৃষ্টির নিমিত্ত আর এক নূতন উপায় অবলম্বন করিতেছে। চিন দেশের একটী মন্দিরে এক খানি লৌহ চক্র আছে। এই লৌহ চক্র খানির অদ্ভুত গুণ আছে। এক বার চিন দেশে এই রূপ অনাবৃষ্টি হয় এবং এই লৌহ চক্র দ্বারা বৃষ্টি হইয়াছিল। উহা পিকিনে আনয়ন করিবার নিমিত্ত এক জন প্রধান চিন রাজ পুরুষ গমন করিয়াছেন। অতিশয় সমারোহ পূর্ব্বক এখানি আনয়ন হইতেছে। আনয়ন করিয়া উহা হিলংটং নামক স্থানে রক্ষিত হইবে। লোকের দৃঢ় বিশ্বাস যে ইহা আনয়ন করিলেই বৃষ্টি হইবে, কারণ যখন চিনেরা এই রূপ বিপদাপন্ন হইয়া এই চক্র দ্বারা বৃষ্টির প্রার্থনা করিয়াছে তখনই বৃষ্টি হইয়াছে।

—চন্দ্রনগরে এক দল জুয়াচোর বাস করে। ইহারা এ পর্য্যন্ত কত লোকের সর্ব্বনাশ করিয়াছে তাহা বলা যায় না। ইহাদের মধ্যে অনেক গুলি লোক আছে। ইহারা নানা রূপ সাজ সাজিয়া লোককে ঠকায়। অনেক সময় ইহাদের মধ্যে এক জন কৃত্রিম নবাব হইয়া প্রেমারা খেলিয়া লোককে প্রবঞ্চনা করে। এই জুয়াচোরেরা অনেকে কলিকাতায় নানা বেশে নানা স্থানে ভ্রমণ করে। ইহাদের অসাধারণ ক্ষমতা এই যে, ইহারা এক জনের সঙ্গে আলাপ করিয়া বুঝিতে পারে যে তাহাকে কোন্ কথায় ফাঁদে নিঃক্ষেপ করিতে পারিবে। এই জুয়াচোরদিগের প্রবঞ্চনার অনেক রূপ গল্প প্রচলিত আছে এবং বোধ হয় অনেকে ইহা জানেন। আমরা ভাবিয়াছিলাম যে, কলিকাতায় বুঝি এই রূপ জুয়াচোরের প্রাদুর্ভাব। সম্প্রতি বোম্বাইয়ে গিরগামেতেও এই রূপ একটী জুয়াচুরি হইয়া গিয়াছে। ইন্দ্রজী নামক এক ব্যক্তি এই রূপে দশ হাজার টাকা অপহৃত হইয়াছেন। ইহার নিকট এক জন দালাল আসিয়া বলে যে, বলা সাহেব নামক এক জন ধনাঢ্য ব্যক্তির এক জন এজেণ্টের প্রয়োজন। তিনি ইন্দ্রজীকে এই পদে নিযুক্ত করিতে চান। ইন্দ্রজী এই কথা বিশ্বাস করিয়া বালা সাহেবের সঙ্গে সাক্ষাৎ করেন। তিনি ইন্দ্রজীকে এজেণ্ট নিযুক্ত করিবেন স্থির হয়, তবে তিনি একটী আপত্তি করেন। তিনি বলেন যে, ইন্দ্রজি যে সম্পত্তিশালী তিনি তাহার প্রমাণ চান। ইহা প্রমাণ করিবার নিমিত্ত ইন্দ্রজি দশ হাজার টাকার নোট লইয়া বালা সাহেবের নিকট উপস্থিত হয়, এবং বালা সাহেব এই টাকা তাহার নিকট হইতে কাড়িয়া লয়। বোম্বাইয়ে ইতি পূর্ব্বে এই রূপে এক জন ১৫ হাজার ও এক জন ২০ হাজার টাকা হারান। ইহারা যে উপায় অবলম্বন করিয়া ইন্দ্রজিকে বঞ্চনা করিয়াছে, চন্দ্রনগরের জুয়াচোরেরাও এই উপায় অবলম্বন করিয়া লোককে ঠকাইয়া থাকে এবং এখানকার অনেক লোককে এই রূপে ২০।৩০ হাজার টাকা ঠকাইয়াছে। আমাদের বোধ হইতেছে কলিকাতায় যাহারা জুয়াচুরি করে তাহারাই বোধ হয় বোম্বাইয়ে গিয়া এই কাজ করিয়াছে। এই রূপ রাষ্ট্র যে, ইহারা উৎকোচ দিয়া পোলিসকে বাধ্য রাখে, এমন কি, অনেকের বিশ্বাস যে উচ্চ পদস্থ পোলিস কর্ম্মচারিরাও ইহাদের বাধ্য। ইহাদের মধ্যে এক জন এক বার ফাটকে যায়, কিন্তু ক্যাম্বেল সাহেব তাহাকে ছাড়িয়া দেন।

—প্রুসিয়ার কোন স্থানে এক জন কাগজ দ্বারা চামড়ার ন্যায় বস্তু প্রস্তুত করিতেছেন। ইতি পূর্ব্বে আমেরিকায় এক জন কাগজের দ্বারা চামড়া প্রস্তুত করিয়া কৃতকার্য্য হন। ইহা অতি সহজে প্রস্তুত হয়। ৫০ কি ৬০ ইঞ্চ পরিসর এবং ১২ ফিট লম্বা কাগজে আসফলটম নামক একটী দ্রব্য মাখাইতে হয়। তৎপর উহা উননের আগুণে শুষ্ক করা কর্ত্তব্য। শুখাইলে উহার উপর পিমিস নামক পদার্থ ঘসিতে হয়। তদপরে উহা এক খানি আধারের উপর বিস্তৃত করিয়া আবার উননে শুখান কর্ত্তব্য। এই রূপ শুখাইয়া কাগজ বার্ণিস করিলে চামড়ার মত হয়।

—উপরে আমরা কাগজের দ্বারা চামড়া প্রস্তুতের বিষয় উল্লেখ করিলাম। আমেরিকার আবার কাগজের দ্বারা দারু নির্ম্মিত বাক্সের ন্যায় কঠিন বাক্স প্রস্তুত হইতেছে। পাওনিয়ার এ বিষয়ে এই রূপ লিখিয়াছেন। আমাদের মধ্যে এই রূপ গ্লাস প্রস্তুত হইয়াছে যাহাতে আঘাত লাগিলে ভাঙ্গিবে না, এই রূপ কাগজ প্রস্তুত হইয়াছে যাহা অগ্নি দ্বারা দগ্ধ হইবে না এবং এরূপ বস্ত্র হইয়াছে যাহা জলে ভিজিবে না, কিন্তু আমেরিকায় ইহা অপেক্ষা অদ্ভুত দ্রব্যের সৃষ্টি হইয়াছে। তাহারা কাগজের দ্বারা কাষ্টের ন্যায় শক্ত বাক্স প্রস্তুত করিতেছে। মদ কাষ্টের বাক্সে রাখিয়া প্রস্তুত করিলে উহার তার নষ্ট হয়, অথচ এ পর্য্যন্ত নির্বিঘ্নে মদ প্রস্তুতের নিমিত্ত সকলের দারু নির্ম্মিত বাক্স ব্যবহার করিতে হইত। আমেরিকাবাসীরা মদ্যপায়ীদিগের এই মনঃ কষ্ট নিবারণ করিয়াছেন। তাহারা কাগজের দ্বারা এরূপ বাক্স প্রস্তুত করিতেছেন যে উহাতে কাষ্টের নির্ম্মিত বাক্সের সমুদয় গুণ আছে, অথচ কোন দোষ নাই।

—বেলজিয়ামে একটী নূতন মকর্দ্দমা হইয়া গিয়াছে। সেখানে কেরোলাস নামক এক জন বিখ্যাত চিত্রকর আছেন। ইহার এক খানি চিত্রের অনুরূপ অপর এক ব্যক্তি চিত্র করেন। এই অনুরূপ চিত্রের নিম্নে কেরোলাসের নাম দিয়া উহা বিক্রয় করে। কেরোলাস এই নিমিত্ত অনুরূপ চিত্রকারীর নামে অভিযোগ করেন। তিনি বলেন যে, সে মিথ্যা করিয়া তাহার নাম দিয়া চিত্র উচ্চ মূল্যে বিক্রয় করিয়াছে। বিচারপতিরা এই মকর্দ্দমার এই রূপ বিচার করিয়াছেন। তাহাদের বিবেচনায় অনুরূপকারী ইহাতে কোন অন্যায় করে নাই। সে যদিও চিত্রের নিম্নে কেরোলাসের নাম দিয়াছে কিন্তু সে এ কথা বলে নাই যে ইহা তাহার হস্তে চিত্রিত। সে যখন তাহার চিত্র কেরোলাসের চিত্রের অনুরূপ ইহা স্বীকার করিয়া উহা বিক্রয় করিয়াছে, তখন কোন মতে প্রবঞ্চনা করে নাই।

—শ্যাম দেশের রাজা নিজ রাজ্যের মধ্যে তাড়িত বার্ত্তাবহ সংস্থাপন করিতেছেন। ইহার সমুদয় পায়োজন হইয়াছে। কৃতকর্ম্মা এক জন সাহেব সম্প্রতি এই কার্য্যের ভার গ্রহণ করিয়াছেন। ইহার নিকট ১২ জন শ্যামবাসী যুবা এই কার্য্য শিক্ষা করিতেছে। ইহারা শিক্ষিত হইলে ইহাদের হস্তে তাড়িত বার্ত্তাবহের কতক ভার অর্পিত হইবে। এ সম্বাদটী শুনিয়া আমরা আনন্দিত হইলাম। এই আনন্দজনক সম্বাদের মুল ইংরাজদিগের এ দেশে আগমন। যদি ইংরাজদিগের এ দেশে আগমনে আসিয়ার স্বাধীন রাজ্য সমুদয়ের উন্নতি হয়, যদি চিন, জাপান, শ্যাম, পারশ্য প্রভৃতি দেশের উন্নতি হয়, তাহা হইলে আমরা পরাধীন অবস্থাকেও শ্লাঘা মনে করিব। হিন্দু জাতির প্রধান গৌরব নিজে ক্ষতিগ্রস্ত হইয়া পরোপকার করা। ইহাতে ভারতবর্ষের সেই গৌরব আরো বৃদ্ধি হইবে।

—মধ্য আশিয়ার মুসলমানেরা রুশদিগের সঙ্গে এখনও তুমুল সংগ্রাম করিতেছে। রুশিয়ার এক খানি সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছে যে, মার্বে ৩০ সহস্র মুসলমান রুশিয়ার বিপক্ষে দণ্ডায়মান হয়। ইহারা রুশিয়া কর্ত্তৃক পরাভুত হইয়া আফগানবাসীদিগের নিকট সাহায্যের প্রার্থনা করিতেছেন। মহাম্মুদেরপ্রচারিত ধর্ম্ম যাহারা বিশ্বাস না করে মুসলমানেরা তাহাদিগকে কাফের বলে। এই কাফেরদিগের বিরুদ্ধে সংগ্রাম করা তাহারা ধর্ম্ম যুদ্ধ বলে। তাহাদের বিশ্বাস যে এ রূপ যুদ্ধে জয়ী হইলেও স্বর্গে গমন করা যায় এবং সংগ্রামে হত হইলেও স্বর্গে স্থান হয়। এই নিমিত্ত কাফেরদিগের বিপক্ষে যুদ্ধ উপস্থিত হইলে মুসলমানেরা অনেক সময় আত্ম কলহ বিস্মৃত হইয়া সকলে একত্রিত হয়। মুসলমানদিগের এই রূপ ঐক্যতা বলে তাহারা এক দিন দিগ্‌বিজয়ী হইয়া ছিল। এই নিমিত্ত এখনও তাহাদিগকে সকলে আশঙ্কা করেন। যদি মুসলমানেরা সভ্য ও সুশিক্ষিত হইত এবং তাহাদের কোরাণের লিখিত ধর্ম্মে অচল ভক্তি থাকিত, তাহা হইলে তাহারা এখনও পৃথিবীর উপর আধিপত্য করিতেন।

—পরীক্ষা দ্বারা সাব্যস্ত হইয়াছে যে, নিশাদল জলে গুলিয়া রঙ্গিন বস্ত্র ধৌত করিলে অতি অল্প ব্যয়ে ও সহজে উহা পরিষ্কৃত হয়। সাহেবদের গলা বাঁধ ও টুপি ইহা দ্বারা অতি উত্তমরূপে পরিষ্কার করা যায়। এই জল ব্রুসে ভিজাইয়া টুপি কি গলা বাঁধ ধৌত করিলে উহা অতি অল্প সময়ে পরিষ্কৃত হয়। নিশাদল দ্বারা যদি প্রকৃত এই রূপ পরিষ্কার হয়, তাহা হইলে ইহাতে সাহেবদিগের কতক উপকার হইতে পারে, কিন্তু আমাদের বিশেষ কোন উপকার নাই। আজ কাল আমাদের দেশের একটী প্রধান কষ্ট ধোপার অভাব। ধোপার কষ্ট শুদ্ধ কলিকাতায় আবদ্ধ নহে। বাঙ্গলার অনেক স্থানে লোক এই কষ্ট ভোগ করে। যদি কোন রাসয়নিক এ দেশীয়দের বস্ত্র ধৌত করার একটী সহজ উপায় বাহির করিতে পারেন তাহা হইলে দেশের বিস্তর উপকার হয়। আজিমগঞ্জের একটী সম্ভ্রান্ত ব্যক্তি এক রূপ মাটি পাইয়াছেন। ইহা দ্বারা লোমজ বস্ত্র উত্তম পরিস্কৃত হয় কিন্তু কার্পাস বস্ত্র পরিস্কৃত হয় না।। আমরা শুনিয়াছি আমেরিকায় এক রূপ গুড়ো আছে। উহা দ্বারা অনায়াসে আপনা আপনি বস্ত্র ধৌত করা যায়। কেহ যদি আমেরিকা হইতে এই গুড়া এ দেশে আমদানি করিতে পারেন তাহা হইলে তিনি বিস্তর উপার্জ্জনও করিতে পারেন ও সেই সঙ্গে দেশেরও বিস্তর উপকার হইতে পারে। অভাব হইলে নিসর্গ তাহা নিরাকরণ করেন এটী যদি সত্য হয়, তাহা হইলে বস্ত্র ধৌত করার কোন উপায় এত দিন প্রকাশিত হওয়া উচিত ছিল। যে রসায়ন শাস্ত্র দ্বারা কত২ অদ্ভুত ব্যাপার সংঘটিত হইতেছে, তাহার সাহায্যে যে একটী সামান্য অভাব মোচনের কোন উপায় নির্দ্ধারণ হইবে না এটীও আশ্চর্য্য বিষয়। এ দেশে এখন অনেকের ইচ্ছা যে, তাহারা সংসারে কোন নূতন বিষয় প্রকাশ করেন। যাহাদের এই রূপ উচ্চ অভিলাস আছে তাহারা কেন এই উপকারজনক ও নিতান্ত প্রয়োজনীয় দ্রব্যটী আবিস্কার করার যত্ন করুন না?

—সেণ্ট পিটার্সবার্গে অতি পুরাতন কালের এক খানি কোরান আছে। এই কোরান খানি খলিফা অসমান নিজ হস্তে লিখেন। মাহামুদের মৃত্যু হইলে তিন জন খলিফার পরে অসমান রাজত্ব ভার প্রাপ্ত হন। সমরকন্দ পুস্তকালয় হইতে রুসেরা ইহা সেণ্ট পিটার্সবার্গে লইয়া যায়। এই পুস্তক খানি আজ ১২ শত বৎসরের, কিন্তু এখন পর্য্যন্ত ইহার কিছু মাত্র নষ্ট হয় নাই। খলিফা অসমান ইহা পাঠ করিতে২ নিজের পাপ প্রায়শ্চিত্ত করিবার নিমিত্ত আপন শরীর অস্ত্র দ্বারা বিদ্ধ করিতেন। তাহার শরীর হইতে সেই সময় যে সমুদয় রক্ত বিন্দু কোরাণের উপর পতিত হয় সে রক্তের চিহ্ন অদ্যাপি এই পুস্তক হইতে অপলুপ্ত হয় নাই। এরূপ গ্রন্থ বোধ হয় মুসলমানেরা অমূল্য রত্ন মনে করেন। এবং যদি মুসলমানদিগের পূর্ব্বের ন্যায় বল বীর্য্য থাকিত, হয় ত এই কোরান লুণ্ঠন করিবার নিমিত্ত সহস্র২ মুসলমান সেণ্ট পিটার্সবার্গে উপস্থিত হইতেন।

—উত্তর পশ্চিম অঞ্চলে কোন দ্রব্য অপহৃত হইলে পোলিস কর্ম্মচারিরা চাউল পড়া, মাটী পড়া প্রভৃতি দ্বারা চোর বাহির করেন এবং অনেক সময় এই সহজ উপায়ে চোর ধৃত হয়। বাঙ্গলারও এক কালে এই উপায় অবলম্বন করিয়া চোর ধৃত হইত। আমরা এ সম্বন্ধে একটী গল্প শুনিয়াছি। এক দিন কোন মেলাতে এক ব্যক্তির অনেক টাকা চুরি যায়। অপহৃত ব্যক্তি পোলিসে সম্বাদ দেওয়ায় পোলিস চোর বাহির করিবার নিমিত্ত বিস্তর যত্ন করিলেন কিন্তু কোন মতে কৃতকার্য্য হইলেন না। পরে এক জন পোলিস কর্ম্মচারী এক খানি বেত্র দ্বারা একটি স্থান ক্রমাগত আঘাত করিতে লাগিল। শুদ্ধ মাটিতে এক জন পোলিস কর্ম্মচারী বেত্রাঘাত করিতেছে দেখিয়া সেখানে অনেক লোক জুটিয়া গেল এবং অনেকে কি উদ্দেশে এই বেত মারা হইতেছে কর্ম্মচারীকে জিজ্ঞাসা করিতে লাগিল। পোলিস কর্ম্মচারী তাহাদের কথার কোন উত্তর দিল না। এক জন ভিন্ন আর সকলেই কিয়ৎক্ষণ থাকিয়া চলিয়া গেল। এই ব্যক্তি পুনঃ২ পোলিস কর্ম্মচারিকে বেত্রাঘাতের উদ্দেশ্য কি জানিবার জন্যে জিজ্ঞাসা করিতে লাগিল। পোলিস কর্ম্মচারী বিরক্ত হইয়া তাহাকে তাড়াইয়া দিল কিন্তু সে একটু পরে আবার আসিয়া তাহাকে জিজ্ঞাসা করিতে লাগিল বেত্রাঘাতের কারণ কি। পোলিস কর্ম্মচারী আবার তাহাকে তাড়াইয়া দিল। এই রূপ তিন চারি বার তাড়া খাইয়া আবার যখন সে ব্যক্তি আসিয়া পোলিস কর্ম্মচারিকে ইহার কারণ জিজ্ঞাসা করিল তখন কনেস্টেবল বলিল যে, যে ব্যক্তি টাকা চুরি করিয়াছে তাহার পৃষ্ঠ দেশে এই বেত্রাঘাতের দাগ পড়িয়া যাইবে। এই কথা শুনিবা মাত্র এই ব্যক্তি নিজের পৃষ্ঠের দিকে দৃষ্টিপাত করিল। যে সে আপনার পিট দেখিয়াছে আর কনেষ্টাবলেরা তাহাকে চোর বলিয়া ধরিল। ধৃত ব্যক্তি তৎক্ষণাৎ স্বীকার করিল যে সে চুরি করিয়াছে। কিন্তু এ গল্পটি যদি সত্য হয় তবে সে অনেক দিনের কথা। এখন লোক সেয়ানা হইয়াছে। এখন এ রূপ কৌশলে বাঙ্গলায় অন্ততঃ চোর বাহির করা কঠিন, কিন্তু আমরা শুনিয়াছি এখনও কখন২ বাঙ্গলার পোলিস কর্ম্মচারিরা এই রূপ উপায়ে অনেক সময় চোর ধরিয়া থাকেন। বড় বাজারের এক জন হিন্দুস্থানীর এ সম্বন্ধে অদ্ভুত ক্ষমতা আছে। আমরা ইহার ক্ষমতা সম্বন্ধে ইতি পূর্ব্বে এক বার লিখিয়াছিলাম। এই ব্যক্তি অনেক সময় চোর বাহির করিয়াছে।

—তুর্কির সুলতান কি রূপে প্রাণ ত্যাগ করেন সে সম্বন্ধে আমরা গত বার লিখিয়াছি। তিনি যে কাঁচি দ্বারা আপনার হস্তের শিরা চ্ছেদন করেন সেই কাঁচি খানি ইংলণ্ডে প্রেরণ করিবার নিমিত্ত এক জন সম্পাদক তুর্কিবাসীদিগকে পরামর্শ দিয়াছেন। তুর্কির আজ কাল অর্থের অতিশয় অসচ্ছলতা এবং সম্পাদক পরামর্শ দিয়াছেন যে, উক্ত কাঁচি ইংলণ্ডে লইয়া যদি টিকিট করিয়া সাধারণকে প্রদর্শন করান যায়, তবে ইহা দ্বারা বিস্তর অর্থ উপার্জ্জন হইতে পারে ও তুর্কিরও বিস্তর উপকার হইবার সম্ভাবনা। ইংলণ্ডের লোকের যত অর্থ আছে এবং ইংরাজেরা যেরূপ আমোদপ্রিয় তাহাতে বোধ হয় সম্পাদক যাহা উপহাস করিয়া প্রস্তাব করিয়াছেন, প্রকৃত যদি কেহ ইংলণ্ডে এই কাঁচি লইয়া যান তাহ হইলে ইহা দ্বারা বিস্তর অর্থোপার্জ্জন হয়। যে সম্পাদক এই প্রস্তাব করিয়াছেন তিনি লিখিয়াছেন আত্ম হত্যার পক্ষে শরীরের শিরা কাটিয়া দেওয়া যেরূপ সুন্দর উপায় এরূপ সুন্দর ও সুখকর উপায় আর কিছু নহে। ইহা দ্বারা যে পরিমানে শরীর হইতে রক্ত নিঃশেষ হইতে থাকে, জীবন সেই পরিমানে দেহ হইতে অন্তর্হিত হইতে থাকে ও শরীর ক্রমে দুর্ব্বল হইয়া পড়ে। নিদ্রার আকর্ষণ হয় এবং শেষে ঘোর সুষুপ্তি উপস্থিত হইয়া প্রাণ ত্যাগ হয়।

—হলওয়ে সাহেব তাহার ঔষধের বিজ্ঞাপনে বৎসর ৩ লক্ষ টাকা ব্যয় করেন। মোজেজ এণ্ড সন নামক আর এক কোম্পানি বৎসর বৎসর বিজ্ঞাপনের নিমিত্ত এক লক্ষ টাকা ব্যয় করেন। রোলাণ্ড এণ্ড সন তাহাদের বিখ্যাত মাকাসার ওয়াইলের নিমিত্ত বৎসর এক লক্ষ টাকা ব্যয় করেন। ডিজোন তাহার কডলিবর ওয়াইলের নিমিত্তও এই রূপ বিস্তর অর্থ ব্যয় করিয়া থাকেন। হিল এণ্ড সন নামক ব্যবসায়ীগণ উৎকৃষ্ট শয্যা ও খাট প্রস্তুত করেন। তাহারা বিজ্ঞাপনের নিমিত্ত বৎসর ৬০ হাজার টাকা ব্যয় করেন। বিলাতে নিকলস এবং অন্যান্য দরজিরা বিজ্ঞাপনের নিমিত্ত ৫০।৬০ হাজার টাকা ব্যয় করেন। ম্যাডাম টসার্ড নামক এক জন মোমের পুতুল প্রস্তুত করেন এবং তিনি বিজ্ঞাপনের নিমিত্ত মাসে হাজার টাকা ব্যয় করেন। কিন্তু পৃথিবীতে যিনি বিজ্ঞাপনের নিমিত্ত যত টাকাই ব্যয় করুন নিউওয়ার্কের সায়নবিৎ হামবোল্ড সাহেবের সঙ্গে কেহ পারিয়া উঠেন না। হামবোলড সাহেব [illegible] সপ্তাহে ২০ হাজার টাকা বিজ্ঞাপনে ব্যয় করেন। তিনি তিন হাজার সম্বাদ পত্রে বিজ্ঞাপন প্রকাশ করেন। তিনি এক বার একটী বিজ্ঞাপনের নিমিত্ত ৭৫০০ টাকা প্রদান করেন এবং এক দিন নিউইয়ার্ক হেরালডের এক পাতায় বিজ্ঞাপন প্রদানের নিমিত্ত দশ হাজার টাকা অর্পণ করেন, কিন্তু হেরালডের সম্পাদক স্থানাভাবে উহা গ্রহণ করিতে অস্বীকৃত হন। অনেকের সন্দেহ হইতে পারে যে বিজ্ঞাপনে এত টাকা ব্যয় করিয়া হয় ত তাহারা ক্ষতিগ্রস্ত হন, কিন্তু ইহার উত্তর এই যে, উপরে যে কয়েক জন ব্যবসায়ীর নাম প্রকাশিত হইল ইহারা সকলেই অতুল ধনসম্পত্তি করিয়াছেন এবং ব্যবসায়ই তাহাদের সকল ঐশর্য্যের মূল। হলওয়ে সাহেব এই রূপে দুই কোটী টা,

উপার্জ্জন করিয়াছেন। উপরের সংবাদটী পাঠ করিয়া কেহ২ ভাবিতে পারেন যে, সম্বাদ পত্রের সম্পাদকেরা কেবল বিজ্ঞাপন সংগ্রহ করিবার উদ্দেশ্যে কল্পনা করিয়া এ সমুদয় লিখিতেছেন, কিন্তু বিজ্ঞাপনের দ্বারা ব্যবসাদারদিগের প্রকৃত উপকার হয় কি না তাহা এ দেশে যাহারা প্রধান২ সংবাদ পত্রে বিজ্ঞাপন প্রদান করিয়া থাকেন তাহারা অনায়াসে বলিতে পারেন। আমরা জানি অনেকে এই বিজ্ঞাপনের বলে বৃহৎ পরিবার প্রতিপালন করিতেছেন।

—মহারাণী বিকটরিয়া ইংলণ্ডের সিংহাসন আরোহণ করিয়া ১৭৪ জনকে ব্যারনেট উপাধি প্রদান করিয়াছেন। ভারতবর্ষে যে সকল ইংরাজ কর্ম্মচারী সুপ্রতিষ্ঠার সহিত কার্য্য করেন মহারাণী তাহাদের ১১ জনকে এই উপাধি প্রদান করিয়াছেন। এই ১১ জনের নাম মাকনটন, পিটিঞ্জর, হগ, কারি হাবেলক, জে লরেন্স, হেনরী লরেন্স, আউটরাম, নেপিয়ার, ট্রেবিলিয়ান এবং ফ্রেয়ার। আমরা যে কয়েক জনের নাম উল্লেখ করিলাম ইহারা সকলেই প্রসিদ্ধ লোক। সার রিচার্ড টেম্পেল ব্যারনেট পদ প্রাপ্ত হইয়া এই খ্যাত্যাপন্ন ব্যক্তিদিগের শ্রেণীভুক্ত হইলেন।

—গ্রেসনোবার নামক এক জন ইংরাজ রাজ পুরুষ সম্প্রতি রাঙ্গুনে অনেক গুলি সৈন্য সামন্ত লইয় উপস্থিত হন। ইনি দিন দুই রাঙ্গুনে থাকিয়া চিনাভিমুখে যাত্রা করেন। স্বাধীন ব্রহ্মদেশে ইনি উপস্থিত হন। রাজা তাঁহাকে যথোচিত সমাদর করেন। রাজার সঙ্গে সাক্ষাৎ হইবে এই রূপ কথা প্রথম হয়। শেষে রাজা তাঁহার সঙ্গে সাক্ষাৎ করিতে অস্বীকার করেন। কেন অস্বীকার করেন তাহার কোন কারণ প্রকাশিত হয় নাই। অনেকে অনুমান করেন যে, রাজা গ্রেসনোবার সাহেবকে বিনামা পরিধান পূর্ব্বক তাঁহার সম্মুখে গমন করিতে অনুমতি করেন না। এই নিমিত্ত গ্রেসনোবার সাহেব রাজ দর্শন করিতে পারেন নাই। গ্রেসনোবার সাহেব ইংলণ্ড হইতে আগমন করিয়াছেন। ইনি কি উদ্দেশে এখানে আগমন করিয়াছেন তাহা এখনও কেহ অবগত হইতে পারেন নাই। পার্লিয়ামেণ্টে সার জর্জ্জ কাম্বেল ইহার এদেশে আগমনের কি উদ্দেশ্য তাহা অবগত হইবার অভিলাস ব্যক্ত করেন, কিন্তু সেখানেও ইহা প্রকাশিত হয় নাই। অনেক বিষয় গোপনে সম্পাদন না করিলে রাজকার্য্য সুচারুপূর্ব্বক নির্ব্বাহ করা যায় না, কিন্তু ডিসরেলির মন্ত্রিত্ব কালে এই গোপন ভাবের এরূপ প্রাদুর্ভাব হইয়াছে যে পার্লিয়ামেণ্টের সভ্যেরা পর্য্যন্ত ইহাতে বিরক্ত হইয়াছেন। সাধারণের আজ্ঞানুসারে রাজ কার্য্য নির্ব্বাহ করার পথ পূর্ব্বে যিনিই প্রদর্শন করুন, বিসমার্ক এই কৌশল বলে সম্প্রতি বিখ্যাত হইয়াছেন। ডিসরেলি এই রাজ কৌশল অবলম্বন করিয়াছেন। ডিসরেলি ইহাতে এত দূর বাড়াবাড়ি করিয়াছেন যে, অনেকের বিশ্বাস যে তিনি বিসমার্ক অপেক্ষা অধিক চতুর। যখন সুয়েজ খালের অংশ ডিসরেলি অকস্মাৎ ক্রয় করিলেন, তখন ইংলণ্ডের লোক কেন, ইউরোপের সকল লোক চমৎকৃত হইয়া উঠে। মহারাণীকে এম্প্রেস উপাধি প্রদান করিয়া ইনি আবার সকলকে আরো চমৎকৃত করিয়াছেন। এখন যখন যাহার কোন রাজ্য সংক্রান্ত সম্বাদ জ্ঞাত হইবার প্রয়োজন হয়, তখনই তিনি ডিসরেলির মুখাপেক্ষী হইয়া থাকেন। ডিসরেলি ইচ্ছা করিলেন তাহাকে সে সম্বাদ দিলেন, তাহার ইচ্ছা না হইলে কেহ তাহা অবগত হইতে পারিলেন না। রাজ্যের অবস্থা যত উন্নতিই হউক এটী স্বাভাবিক অবস্থা নহে। যত দিনে রাজ্যে কোন উদ্বেগ কি ভয় প্রবেশ না করে, তত দিন রাজার প্রজার নিকট হইতে কোন বিষয় গোপন করার প্রয়োজন করে না। ইংলণ্ডে প্রজার সঙ্গে গবর্ণমেণ্টের আর পূর্ব্বের ন্যায় সৌহৃদ্যতা নাই, অথবা গবর্ণমেণ্ট প্রকৃত কোন বিশেষ কারণ বশতঃ বিপদাশঙ্কা করিতেছেন এবং এই নিমিত্ত সকল বিষয় এত সতর্কতার সঙ্গে নির্ব্বাহ করিতেছেন।

—ইংলণ্ডে সংপ্রতি এক উৎপাত উপস্থিত হইয়াছে। কতক গুলি ব্যক্তি গোপনে বিষ পান করাইয়া কুকুর নষ্ট করিতেছে। ইংলণ্ডে কুকুর অতিশয় প্রিয় বস্তু। অনেকে সন্তানের ন্যায় কুকুর স্নেহ ও পালন করেন। সুতরাং কুকুরের এই রূপ বিপদ দেখিয়া অনেকে অতিশয় ভীত হন। তাঁহারা বিষ প্রয়োগকারীদিগকে ধৃত করিবার নিমিত্ত অনুসন্ধান করেন। কিন্তু ইহাতে কৃতকার্য্য হন না। শেষে অনেকের সন্দেহ হয় যে, কুকুরে বিষ খাইয়া মরিতেছে না, উহাদের মধ্যে কোন রূপ মড়ক উপস্থিত হইয়াছে। যখন অনেকের মনে এই সন্দেহ উপস্থিত হয়, তখন লণ্ডনের এক খানি সম্বাদ পত্রে এক জন লিখে যে, সে কুকুরকে বিষ প্রয়োগ করিয়া নষ্ট করিতেছে এবং এ রূপ নিষ্ঠুর কার্য্যে প্রবর্ত্ত হওয়ার পোষকতায় সে বলে যে, যখন কুকুরের দংশনে লণ্ডনে বৎসর২ ১৩ জন লোক খেপিয়া মৃত্যু গ্রাসে পতিত হয়, তখন ইহা যত্নপূর্ব্বক পালন করার প্রয়োজন কি। আবার লণ্ডনে লোক সংখ্যা এত অধিক যে, তাহাদের নিশ্বাস প্রশ্বাস প্রভৃতি দ্বারা তথাকার জল বায়ু অতিশয় দূষিত হয়, এমত অবস্থায় সেখানে কতক গুলি কুকুর রাখিয়া উহা আরো অস্বাস্থ্যকর করার প্রয়োজন কি। লণ্ডনে সহস্র২ লোক অন্ন ও বস্ত্রাভাবে মরিয়া যাইতেছে। ইহাদের দিকে দৃষ্টি না করিয়া কুকুরদিগকে গ্রাসাচ্ছাদন প্রদান করা সম্পূর্ণ গর্হিত কার্য। আমরা একবার গণনা করিয়া দেখিয়াছিলাম যে, ইংলণ্ডে কুকুরের নিমিত্ত বৎসর যে অর্থ ব্যয় হয় তাহা প্রাপ্ত হইলে ভারতবর্ষের অর্দ্ধেক কষ্ট দূর হইত।

—আবার চীনবাসীদের সঙ্গে চীন দেশীয় খৃষ্টানদিগের মহা মারামারি হইয়া গিয়াছে। খৃষ্টানদিগের প্রায় ৪০০ শত গৃহ ইহারা দাহন করিয়াছে। চিন রাজপুরুষেরা এই গোলোযোগের কথা শুনিয়া সৈন্যের সাহায্য দ্বারা এই উত্তেজিত চিনদিগকে দমন করেন। চিন দেশে খৃষ্টানেরা ক্রমাগত এই রূপ নিষ্পীড়ন সহ্য করিতেছেন এবং এই কষ্ট সহ্য করিয়াও তাহারা নিজ ধর্ম্ম সেখানে প্রচার করিতেছেন। যে ধর্ম্মের সৃষ্টা ধর্ম্মের নিমিত্ত কঠোর যন্ত্রণা সহ্য করেন, সে ধর্ম্মের প্রধান অঙ্গ ধর্ম্ম প্রচারের নিমিত্ত কষ্ট সহ্য করা। যখন খৃষ্টান ধর্ম্মের নূতন অবস্থা প্রচারকেরা তখন ইহার নিমিত্ত কি কষ্টই সহ্য করিয়াছেন। এখন যদিচ নাস্তিকতা দিন দিন প্রবল হইয়া উঠিতেছে, যাহারা খৃষ্টান তাহাদের মধ্যেও অনেকের আর বাইবেলের উপর দৃঢ় শ্রদ্ধা নাই এবং খৃষ্টান ধর্ম্মের যাজকদিগের মধ্যেও অতিশয় বিলাস ভোগের বৃদ্ধি হইয়াছে তথাচ খৃষ্টানেরা কত কষ্ট সহ্য করেন। খৃষ্টান ধর্ম্মে ইউরোপীয় জাতিকে যত ধার্ম্মিক না করুক, উহাতে তাহাদিগকে দৃঢ়-সংকল্প করিয়াছে। পিতা কোন উদ্দেশে সফল না হইলে পুত্র তাহাতে প্রবর্ত্ত হন ও পুত্র কৃতকার্য না হইলে পৌত্র তাহাতে প্রবেশ করেন, এরূপ দৃষ্টান্ত কেবল ইউরোপীয় জাতির মধ্যে পাওয়া যায়। কামানের মুখ হইতে অগ্নি অজস্র নির্গত হইতেছে, বন্দুকের গুলি মুষলধারায় বর্ষণ হইতেছে, ইহারই মধ্য দিয়া অকুতোভয়ে গমন করিয়া শত্রু বুহে প্রবেশ করার ক্ষমতা ইউরোপীয় জাতি এই খৃষ্ট ধর্ম হইতে প্রাপ্ত হইয়াছেন।

—পাওনিয়ার লিখিয়াছেন যে আমরা পূর্ব্বে যে জনরব শুনি যে খেলাতের খাঁ মেজর সাণ্ডিমানের সঙ্গে সাক্ষাৎ করিতে আগমন করিয়াছেন সেটি প্রকৃত সম্বাদ। পূর্ব্বে অনেকে আশঙ্কা করিয়াছিলেন যে খাঁর সঙ্গে সহজে নিষ্পত্তি হইবে না কিন্তু এখন বোধ হইতেছে তাহার সঙ্গে আর কোন রূপ গোলোযোগ হইবে না।

প্রেরিত।

বাঙ্গালি দুর্ব্বল কেন ?

এ বিষয়ে নানা লোকের নানা মত। কেহ বলেন বাঙ্গালি জাতি অতি আলস্য প্রিয়। বসিলে উঠিতে চায় না। শুতে পেলেত কথাই নাই। সুন্দর রূপ অঙ্গ চালন না হওয়ায় আহার পরিপাক হয় না; —অজীর্ণ হয় এবং ক্ষুধা মন্দীভূত হইয়া পড়ে। সুতরাং শরীর বলিষ্ঠ কি রূপে হইবে? কেহ বলেন বাল্য বিবাহই আমাদের দেশের সকল অমঙ্গলের কারণ। ২০ বৎসরের পূর্ব্বে শরীরের কঙ্কাল পরিপক না হইতেই আমরা ছেলের বাপ হই সুতরাং শরীরে বল সঞ্চার কি রূপে সম্ভব। কেহ বলেন আমরা দুই বেলা মাংস খাই না, শারীরিক দুর্ব্বলতার ইহাও একটি কারণ ইত্যাদি।

প্রাগুক্ত কারণগুলি আমাদের শারীরিক দুর্ব্বলতার কারণ কি না মীমাংসা করিবার পূর্ব্বে আমরা জিজ্ঞাসা করিব, মনে করুন যদি আমাদের এ সব কারণ না থাকে, তাহা হইলেও আমরা সবলকায় হইতে পারি কি না। আমরা মুক্ত কণ্ঠে বিজ্ঞানের সাহায্য না লইয়, নির্ভয় হৃদয়ে বলিতে পারি বাঙ্গালি জাতিকে প্রতি দিন নিয়ম মত অঙ্গ চালনাই শিক্ষা দাও, অধিক বয়সে বিবাহই দাও, আহারের সময় মাংসই খাওয়াও, আর যাই কর, এ জাতি বলিষ্ঠ হইবে না। কেন? এ প্রশ্নের উত্তর দিতে চক্ষে জল আইসে, লজ্জাও বোধ হয়। যে দিন সোনার "ভারত" আপন স্বাধীনতা হারাইয়াছে সেই দিন হইতে ভারতবাসী দুর্ব্বল। বিশেষ বাঙ্গালিজাতির পরের পদ সেবা করিয়া যে গতিকে প্রতি দিনের সাংসারিক কার্য্য নির্ব্বাহ করিতে হয়, তাহার মনে সুখ কোথায়? মনের সুখ শরীর গঠনের সামান্য উপাদান নয়।

জীবনের বসন্ত কালে, পিতা প্রাণাধিক পুত্রকে সংসার ক্ষেত্র দেখাইয়া দিয়া বলিলেন যাও বৎস, কর্ম্ম ক্ষেত্রে প্রবেশ কর। আমরা দুর্ব্বল হইয়াছি, আর আমাদের পরিশ্রম করা ভাল দেখায় না, করিবারও সামর্থ্য নাই। যাও আমাদের সমস্ত ভার তোমার উপর অর্পিত রহিল। কুসম সুকুমার যুবা সংসার স্রোতে গা ঢালিয়া দিলেন। সাঁতার দিতে জানেন না; কেবল বায়ু কর্ত্তৃক যদৃচ্ছাক্রমে নানা স্থানে চালিত হইয়া বেড়ান, কুল পান না। কুল কোথায়? যাহার কুল নাই, তাহার কুল কোথা হইতে পাইবেন? যুবা চীৎকার করিতে লাগিলেন। কেহ শুনিল না, কে শুনিবে? সকলেরই এক দশা, অনেক কষ্টে পরিশেষে যুবা একটা আশ্রয় পাইলেন। তাহাও স্থায়ী নয় কখন আছে কখন নাই। জনরব উঠিল অমুকের পুত্রের কর্ম্ম হইয়াছে। পিতা মাতা শুনিয়া বড় সুখী। প্রতিবাসীগন মাতাকে রত্ন গর্ভা এবং পিতাকে ভাগ্যবান বলিয়া তাঁহাদের আনন্দ বর্দ্ধন করিতে লাগিলেন। পক্ষান্তরে পুত্রের এক আশ্চর্য্য পরিবর্ত্তন। সে সদা হাসি মুখ নাই, সে সোণার বর্ণ নাই, শরীরে মাংস নাই, কণ্ঠার হাড় বাহির হইয়া পড়িয়াছে। মনের সুখ মন হইতে চির বিদায় লইয়াছে। কি প্রাতে কি সন্ধ্যায় কি অপর সময় এমন সময় দেখিবে না যখন যুবা ভাবনায় কাতর নাই। কি করিয়া শ্বেতাঙ্গ প্রভুর মন রঞ্জন করিব, কি করিয়া চাকরিটী বজায় রাখিব, চাকরিটি যাইলে কি উপায়ে পরিবারদিগের প্রতিপালন করিব, আহা অন্নাভাবে সব মারা পড়িবে, যুবা দিন রাত এই ভাবিয়াই আকুল। আপিসে যাইয়া যদি সামান্য দোষে প্রভুর বিরাগ ভাজন হইয়া থাকেন তবে সে দিন রাত্রে তাঁর নিদ্রা হইবে না। দিনমান ভূতের ন্যায় পরিশ্রম ভাবনায় আহারে অরুচি এবং রাত্রে নিদ্রা নাই এ রূপ অবস্থায় শরীর কয় দিন রয়। ভীমের ন্যায় বলিষ্ঠ পুরুষ ও এক মাসে চির রোগী হন সন্দেহ নাই।

এত বলার পর বোধ হয় আর বলিবার আবশ্যক নাই বাঙ্গালি জাতি দুর্ব্বল কিসে। বাঙ্গালি যদ্দর স্বাধীন ভাবে বিচরণ করুক দেখিতে পাইবেন বাঙ্গালি আর দুর্ব্বল নাই। কিন্তু বাঙ্গালি কি কখনো স্বাধীন ভাবে বিচরণ করিবে?

শ্রীঃ—

মাণিকগঞ্জ সব ডিবিসনের অন্তর্গত কোন এক পল্লি গ্রামের এক জন দুশ্চরিত্র সূত্রধর অপর একটী ইতর শ্রেণীর বিধবা স্ত্রীলোকের প্রেমে আসক্ত হয়। এই দুঃশীল ব্যক্তি বিধবাটীর প্রতি আসক্ত হইবার পূর্ব্বেই তাহার (বিধবার) আত্মীয় স্বজন হতভাগাকে এই প্রকার অন্যায় কার্য্য হইতে বিরত হইবার জন্য বারংবার নিষেধ ও ভয় প্রদর্শন করে, কিন্তু কিছুতেই হতভাগা ক্ষান্ত না হইয়া বরং পূর্ব্বাপেক্ষা অধিকতর সাহসের সহিত তাহার কুঅভিসন্ধি অনুযায়ী অন্যায় পথে চলিতে থাকে, এবং বলিতে থাকে যে, "যে কেহ আমার এই কার্য্যে ব্যাঘাত দিবে, তাহার বড় অমঙ্গল হইবে।" এ স্থলে ইহা বক্তব্য যে, স্ত্রীলোকটী যদি কুলটা না হইত, তবে হতভাগা কখনও এমত গর্হিত কার্য্যে সহসা এত সাহস করিয়া উঠিতে পারিত না। এই বিষয় লইয়া স্ত্রীলোকটীর আত্মীয়ের এবং সূত্রধরের সঙ্গে তুমুল বিরোধ উপস্থিত হইল, এবং মধ্যে মধ্যে মল্লযুদ্ধও হইতে থাকিল; সূত্রধরের পক্ষে, সূত্রধর একক ছিল, সুতরাং অনেক দিনই যুদ্ধে পরাজয় হইয়া তাহার নব-প্রণয়ীর নিকট যাতায়াতের ব্যাঘাত হইতে লাগিল। সূত্রধর বড় নাছোড়বান্দা লোক, এত অপমানের পরও সে কোন প্রকারেই ক্ষান্ত না হইয়া, এক দিবস ক্রোধান্ধ হইয়া বলিল, যদি অদ্যও আমাকে তাহার নিকট যাইতে কেহ বাধা দেয় তবে তাহাকে আমি নিশ্চয় সংহার করিব, অতএব যদি ভাল চাও তবে আজ হইতে আমাকে কিছু বলিও না। স্ত্রীলোকটীর ভ্রাতা সূত্রধরের এই বাক্য শুনিয়া নিতান্ত রাগান্বিত হইয়া সূত্রধরকে গোপনে দৃঢ়রূপে আহত করিবে, এই স্থির করিয়া রাত্রে এক নির্জ্জন স্থানে গোপনে পলাইয়া রহিল, কিয়ৎক্ষণ পরে দেখিল যে, সূত্রধর একটী হাতুর হস্তে করিয়া আসিতেছে, ইহা দেখিয়া সে মনে মনে করিল, যে যদি এখন আমি উহাকে আক্রমন করিতে যাই, হয়ত সে আমাকে হাতুর দ্বারায় প্রহার করিয়া আমাকে মারিয়া ফেলিবে, সে তখন কিছু না বলিয়া চুপ করিয়া রহিল। কিছু পরে যখন সূত্রধর স্ত্রীলোকটীর ঘরে অন্য কেহ আছে কি না, একটী বৃক্ষের পার্শ্বে দাঁড়াইয়া দেখিতেছিল, অমনই একটী লৌহের তীক্ষ্ণ অস্ত্র দ্বারা সূত্রধরের পৃষ্ঠদেশ দেশ হইতে বক্ষঃস্থল অতিক্রম করিয়া বৃক্ষ পর্য্যন্ত ভেদ করিয়া সে পলাইয়া গেল। বৃক্ষ পর্য্যন্ত ভেদ হওয়াতে রক্তাক্তকলেবর ও বাক্যশূন্য এবং মৃত প্রায় হইয়াও অজ্ঞান অবস্থায় বৃক্ষে আবদ্ধ থাকার দরুন সে দাঁড়াইয়া রহিল। যদি বৃক্ষতে আবদ্ধ না থাকিত হয় ত তখনই ভূমিতে পতিত হইত। এই অবস্থাতে স্ত্রীলোকটীর মাতা আসিয়া দেখিল যে, সূত্রধর বৃক্ষের পার্শ্বে দাঁড়াইয়া আছে। তাহার পুত্র যে তাহাকে এই প্রকার হত প্রায় করিয়াছে তাহা সে কিছুই জানিত না অথবা রাত্রিতে অন্ধকার হওয়াতে তাহার দুরবস্থা কিছুই দেখিয়াছিল না। তাহারও সূত্রধরের প্রতি বিশেষ ক্রোধ ছিল তাহার দুরবস্থা দেখিয়া সেও এক খানা যষ্ঠি দ্বারা হতভাগার মস্তকে প্রবল আঘাত করিল, এই আঘাতেই সূত্রধর পঞ্চত্ব প্রাপ্ত হইল। হত্যাকারিগণ ধৃত হইয়াছে, এখন পর্য্যন্তও বিচার হয় নাই, যে বিচার হয় পাঠকগণকে পরে জানাইব।

২। সম্প্রতি বুতনি গ্রামে একটি অশ্বত্থ বৃক্ষে প্রথমতঃ পিণ্ডাকৃতি হইয়া একটি জড় বাহির হয় উহা একটি মনুষ্য মস্তকরূপে পরিণত হইয়াছে। এই মস্তকটির মনুষ্য মস্তকের বাহ্যাকৃতির ন্যায় নাশিকা, কর্ণ, অপ্রস্ফুটিত চক্ষু সমুদয়ই আছে। এই অপূর্ব্ব পদার্থটি দেখিবার জন্য বুতনি গ্রামে বহু দূর হইতেও অনেকানেক ভদ্র লোক পর্য্যন্তও যাইতেছেন। আমি স্বচক্ষে এই মাথাটি দেখি নাই। কিন্তু যে সকল বিশ্বাসী লোকের নিকট এই বিষয়টি শুনিয়াছি তাহাতে একেবারে অবিশ্বাস করিতে পারি না। প্রাচীন লোকেরা 'এই বৃক্ষটিতে দেবতা আবির্ভাব হইয়াছে' এই প্রকার বলিয়া থাকেন। বৃক্ষটী নাকি এক জন লোককে স্বপ্ন দেখায়াছে যে, যদি আমাকে অপবিত্র লোকেরা স্পর্শ না করিত তবে আমি মনুষ্যের সমুদয় অবয়ব প্রাপ্ত হইতাম! এই বৃক্ষটীকে অতি যত্নের সহিত রাখা হইয়াছে।

৩। গত ৩রা জ্যৈষ্ঠ সোমবার আমাদের মত্ত মালঞ্চগ্রামে খোয়াড়ে পড়িয়া আরও একটি ব্যাঘ্রের মৃত্যু হইয়াছে। কয়েক দিন হইল জায়গির গ্রামে দুইটী ব্যাঘ্র শাবক ধৃত হইয়াছিল; অতি অল্প বয়স্ক শাবক ছিল বলিয়া উভয়টীরই মৃত্যু হইয়াছে। এখন আমাদের দেশে ব্যাঘ্রের ভয় অপেক্ষাকৃত কম হইয়াছে।

মত্ত মানিকগঞ্জ। বশম্বদ।
৯ই জুন ১৮৭৬। শ্রীয়ঃ—

সব রেজিষ্টারি আফিস।

১৮৭১ সালের ৮ আইনে বিধি আছে পাট্টা কবুলিয়ত প্রভৃতি দলিল ১০০ এক শত টাকার উপর হইলে রেজিষ্টরি করা ব্যতীত আদালতে গ্রাহ্য হইবে না। তৎকালে জেলা ও সব ডিবিজন ব্যতীত অন্যত্র রেজিষ্টরি আফিস না থাকায় গরিব দুঃখি প্রজাদিগের যাহার পর নাই কষ্ট ভোগ করিতে হইয়াছিল। এমন অনেক গ্রাম আছে যাহা সব ডিবিজন হইতে ২০। ২১ ক্রোশ দূরে অবস্থিত; এক খানি ১০। ১৫ টাকার দলিল রেজিষ্টরি করিতে দলিলের টাকা অপেক্ষা অধিক খরচ পড়িত। কি করে, দলিল আদালতে গ্রাহ্য হইবে না, বিষয় নষ্ট হইবে এই ভয়ে কষ্টে স্রষ্টে দলিল খানি রেজিষ্টরি করিয়া লইতে এক জনের ১০০ শত টাকা কর্জ্জ লইলে ৮০।৮৫ মাত্র ঘরে উঠিত। ক্যাম্বেল সাহেব এই সকল কষ্ট দূর করিবার অভিপ্রায়ে কএকটী থানা লইয়া এক একটী সব রেজিষ্টরি আফিস সংস্থাপনের ব্যবস্থা করেন। তদনুসারে কুষ্টিয়া সব ডিবিজনের ছয়টি থানায় দুইটী সব রেজেষ্টরি আফিস স্থাপিত হয়, একটী কুষ্টিয়ায় অপরটী কুমারখালিতে। এই দুই সব রেজিষ্টর দ্বারা অত্র সব ডিবিজনের রেজিষ্টরি কার্য্য সুনিয়মে সম্পন্ন হইতেছে। শুনা যাইতেছে দৌলতপুর ও নপাড়া লইয়া আর একটি নূতন সব রেজিষ্টরি আফিস হইতেছে। দৌলতপুরে সব রেজিষ্টর আফিস হইলে কি প্রজা কি জমিদার সকলেরই যার পর নাই অসুবিধা হইবে।

প্রথমতঃ—প্রজাদিগের তিনটী প্রধান অসুবিধা দেখা যাইতেছে। এখানকার প্রজারা অধিকাংশই নিতান্ত গরিব। কুষ্টিয়া সব ডিবিজন থাকায় ফৌজদারি, আদালত বা অন্য কোন সাংসারিক কার্য্য উপলক্ষে আসিয়া লোকে রেজিষ্টরি করিয়া যাইতে পারে, তাহাতে ব্যয়ের অনেক লাঘব হয়। নপাড়ার অধিকাংশ গ্রাম কুষ্টিয়ার অতি নিকট ও রেলওয়ের উভয় পার্শ্বস্থিত, এমন কি ৪। ৫ মাইলের মধ্যে অনায়াসে বাটি হইতে আসিয়া কুষ্টিয়া রেজেষ্টরি কার্য্য সমাধান্তে বাটী যাইতে পারে, অতঃপর দৌলাতপুর আফিস হইলে চাল চিড়া বাঁধিয়া যাইতে হইবে। বিশেষতঃ বর্ষাকালে অত্র সব ডিবিজনের নপাড়া ও দৌলাতপুর থানার গ্রাম সমূহ জলে প্লাবিত হইয়া যায়, নৌকা ব্যতীত দৌলতপুরে যাইবার উপায়ান্তর নাই, কুষ্টিয়া হইতে রেলওয়ে ও ভাল বাঁধা রাস্তা থাকায় অল্প খরচে অনায়াসে যাতায়াত করিতে পারা যায়।

দ্বিতীয়তঃ—এখানকার জমিদারেরা কিছু নিজে উপস্থিত হইয়া রেজেষ্টরি কার্য্য করেন না আম মোক্তারের দ্বারাই কার্য্য নির্ব্বাহ হইয়া থাকে, বিশেষতঃ যাহারা স্ত্রীলোক মোক্তার ব্যতীত তাঁহাদের উপায়ান্তর নাই এমন কি নিজ বাটীতে রেজেষ্টরি আফিস হইলেও কুষ্টিয়া হইতে আম মোক্তার লইয়া যাইতে হইবে, যেহেতু কুষ্টিয়ার মোক্তারেরাই তাঁহাদের অনেকের আম মোক্তার। অনাহূত খরচ বাহুল্য করিয়া মোক্তারকে তথায় লইয়া যাইতেই হইবে।

এখানকার ব্যবহার মত পাট্টা কবুলতির সমগ্র খরচা পাট্টা গৃহিতাকে দিতে হয়, এতে জমিদার অপেক্ষা প্রজাদিগকে বিশেষ ব্যয় ভার সহ্য করিতে হইবে। ইতি পূর্ব্বে বলা হইয়াছে অন্যান্য সব ডিবিজান অপেক্ষা এখানকার চাশি প্রজারা নিতান্ত গরিব, দৌলতপুর সব রেজিষ্টরি আপিস হইলে জমিদার অপেক্ষা প্রজাদিগকে বিশেষ কষ্ট ভোগ করিতে হইবে এইটী গবর্ণমেণ্টের নিতান্ত ইচ্ছা বিরুদ্ধ কার্য্য হইবে। আম মোক্তার যাহারা আছেন তাঁহারা কিছু এক জনার মোক্তার নন, যে দিন দৌলতপুরে কোন মক্কেলের কার্য্য উপলক্ষে যাইবেন সে দিন কুষ্টিয়ার অন্য মক্কেলের মকর্দ্দমা থাকিলে তাহার উপায় কি হইবে?

কুষ্টিয়া ভিন্ন অন্য স্থানে কিছু ষ্টাম্প বিক্রেতা ও পরামর্শদাতা আইনজ্ঞ উকিল মোক্তার নাই। কোন এক খানি দলিল প্রস্তুত করিতে হইলে কুষ্টিয়ার উকিল ও মোক্তারদিগের নিকট মুসাবিদা উপদেশ গ্রহণ ও ষ্টাম্প ক্রয় জন্য নিশ্চয়ই আসিতে হইবে। এই দলিল কুষ্টিয়ায় রেজেষ্টারি না করা হইয়া দৌলাতপুর গেলে তাহাদিগের কি সুবিধা হইবে? ইহাতে তাহাদিগের অনাহূত ব্যয় শারীরিক কষ্ট ভিন্ন অন্য কিছুই সুবিধা বা লাভ দেখিতেছি না। এই সমস্ত গুলি বিবেচনা করিতে হইলে প্রজা ও জমিদার কাহার কিছু মাত্র সুবিধা নাই। গবর্ণমেণ্ট যে উদ্দেশে রেজিষ্টরি আপিস গুলি স্থাপন করিতেছেন তাহার কোন উদ্দেশ্য সফল হইবে না। প্রত্যুত লোকের কষ্ট বৃদ্ধি করা হইবে। এক্ষণে রেজিষ্টার জেনারেল মহোদয়ের নিকট আমাদের সবিনয় প্রার্থনা, কুষ্টিয়া সব রেজিষ্ট্ররের অধীন আমাদের গ্রাম সমুদয় রাখিয়া সুবিধা রক্ষা করেন।

কতিপয় নওপাড়াথানাবাসীপ্রজা।

পত্র প্রেরকের প্রতি।

শ্রীমৃগেন্দ্রনাথ সিংহ রায়।—ইনি রেজিষ্টারী করিয়া এক খানি পত্র আমাদিগকে লিখিয়াছেন। পূর্ব্বে ইনি আর দুই খানি পত্র আমাদিগকে লেখেন, কিন্তু উহার এক খানিরও মর্ম্ম আমরা বুঝিতে পারি না, সুতরাং পত্র দুই খানি প্রকাশ করি না। এবারও তিনি আমাদিগকে পূর্ব্বের দুই খানি পত্রের নকল পাঠাইয়া উহা ছাপাইবার জন্য অনুরোধ করিয়াছেন। পাঠকগণের কৌতুহল নিবারনার্থে আমরা ইহার প্রথম পত্র খানি অবিকল প্রকাশ করিলাম:—"ন্যায় পরায়ণ সম্পাদক মহাশয়, অদ্য আপনকার ও আপনকার হিন্দু ধর্ম্মাবলম্বী পাঠক মহাশয়গণের নিকট উপস্থিত হইলাম। উদ্দেশ্যে এই যে, পৃথিবীতে নানা জাতির নানা প্রকার শত্রুতা ব্যবহার ও রাজা প্রজার বিরোধ দেখিতে ও শুনিতে পাওয়া যায়। কিন্তু কোন্ প্রকার শত্রুতা ব্যবহারকে আপনারা ভাল বলেন? আমার অভিপ্রায়ে অসরল ভাবে ও অঙ্গে বিশেষ প্রকারে মনকষ্ট ও দুঃখ দিয়া যাবজ্জীবন হৃদয় ছেদ করা অপেক্ষা সরল ভাবে এক কালে কুল কাষ্টের অগ্নির দ্বারা দগ্ধ করিয়া মারা ভাল। আমি আপনাদিগের নিকট কোন কিছু আশা মাত্রও করি না, কিন্তু ভবিষ্যতে আমার মত দরিদ্র ভ্রাতা ও ভগিনীগণের জন্য সর্ব্বদাই চিন্তা করিতেছি অতএব তাহাদেরের নিমিত্ত যে কর্ত্তব্য হয় করিবেন। আমি এক্ষণে এক জন উদাসীন, আমার নাম মৃগেন্দ্রনাথ সিংহ রায়, নিবাস মাখালপুর জেলা হুগলি, জাতি ছত্রিয়, মিথিলা দেশবাসী মিতাক্ষরা শাস্ত্রের অধীন। বহুকাল হইল আমাদিগের পূর্ব্ব পুরুষেরা এই বঙ্গ ভূমিতে আসিয়া বাস করিয়াছিলেন।" পত্র প্রেরক আপাততঃ মেমারিতে আছেন।

শ্রীকেদার নাথ বন্দ্যোপাধ্যায়, পাণ্ডুয়া—বেচারী বিস্তর কষ্ট সহ্য করিয়াছে ও এখন ও করিতেছে এবং সম্ভবতঃ তাহাকে কারাগারে ও যাইতে হইবে। সুতরাং মড়ার উপর আর খাঁড়ার ঘা কেন?

☞এই পত্রিকা কলিকাতা, বাগবাজার আনন্দ চন্দ্র চাটুর্য্যের গলি ২ নং বাটী হইতে প্রতি বৃহস্পতিবার শ্রীচন্দ্র নাথ রায় দ্বারা প্রকাশিত হয়।